



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৮.৭০

তারিখঃ ২২-০৪-২০১৮ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণে উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম ফিলাপ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসেম্বর'২০১৭-জানুয়ার'২০১৮ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষার ১৯-০৩-২০১৮ তারিখ প্রকাশিত ফলাফলে যে সকল পরীক্ষার্থী উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/সংশোধনের জন্য আবেদন করেছিল তাদের ফলাফল অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ২২-০৪-২০১৮ তারিখে প্রকাশ করা হয়েছে। যে সকল শিক্ষার্থীর ফলাফল পরিবর্তন/সংশোধন হয়েছে শুধুমাত্র তাদের রোল নম্বর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশিত ফলাফলসীটে পাওয়া যাবে। যাদের ফলাফল পরিবর্তন/ সংশোধন হয়নি তাদের ১৯-০৩-২০১৮ তারিখে প্রকাশিত ফলাফলই বহাল থাকবে।

প্রকাশিত পুনঃনিরীক্ষণের ফলাফলে উত্তীর্ণ এবং ফরম ফিলাপের যোগ্য শিক্ষার্থীদের ২৫-০৪-২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত ফি-এর ডিডি করে ফরম ফিলাপ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদেরকে এতদ্বারা অনুরোধ করা হলো। উক্ত ফরম ফিলাপকৃত শিক্ষার্থীদের ফরম ফিলাপের ডিডি, পুনঃনিরীক্ষণ ফলাফলের প্রিন্ট-আউট কপি এবং নিমণের ছক মোতাবেক তথ্যসহ (Excel -এ CD সহ) পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবর একটি ফরোয়ার্ডিং আগামী ২৬-০৪-২০১৮ তারিখের মধ্যে বোর্ডের ৯ম তলায় ডিপ্লোমা শাখায় প্রেরণ করতে হবে।

ক্রমিক নং	প্রতিষ্ঠান কোড	পরীক্ষার্থীর রোল নং	রেজিঃ নং ও সেশন	পর্ব	ফি-এর পরিমাণ	দেয় বিষয়সমূহ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৯


স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৮.৭০(১১)

তারিখঃ ২২-০৪-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- অধ্যক্ষ/পরিচালক (সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট/ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/সার্ভে ইন্সটিটিউট)।
- উপ-পরীক্ষা নিয়ন্ত্রক -গোপনীয়/সনদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট (অতিঃ দাঃ), বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ ফরম ফিলাপের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- নথি।


(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬